



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭১৫.১৪-১৬৯

তারিখঃ ০২/০৪/২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন 'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত)' প্রকল্পের বাগেরহাট জেলার কচুয়া উপজেলার মাঠ সংগঠক জনাব মোঃ আরিফুল মোল্লাকে স্মারক নং- ৮৬ তারিখ: ১৩/২/২০১৭ খ্রিস্টাব্দ মূলে সাময়িক বরখাস্ত করা হয়। বর্তমানে তার নিকট সুফলভোগী হতে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের কোন অর্থ পাওনা নেই মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তা নিশ্চিত করে তার শাস্তি প্রত্যাহারের বিষয়ে সুপারিশ করেন। এছাড়া ভবিষ্যতে আর্থিক অনিয়ম করলে কর্তৃপক্ষের যে কোন শাস্তিমূলক ব্যবস্থা মেনে নেয়ার বিষয়ে বর্ণিত মাঠ সংগঠক অস্বীকার করেন। এমতাবস্থায়, কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে মেহেরপুর জেলার গাংনী উপজেলায় বদলী করা হলো।

মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. জনাব মোঃ আরিফুল মোল্লা, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: কচুয়া, জেলা: বাগেরহাট।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: কচুয়া/গাংনী, জেলা: বাগেরহাট/মেহেরপুর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা: কচুয়া/গাংনী, জেলা: বাগেরহাট/ মেহেরপুর।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: বাগেরহাট/ মেহেরপুর।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।